গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ngoab.gov.bd

নথি নং- ০৩.০৭.২৬৬৬.৬৬১. ৬১.০৮২.২৫-৬৭৪ তারিখঃ ১৯ জানুয়ারি ২০২৫

বিষয়ঃ আয়কর আইন, ২০২৩ এর ২৬৪(১) ধারার প্রবিধান অনুসারে ২৬৪(৩) এর ক্রমিক নং ৩৩ এ বর্ণিত "এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও অথবা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার" অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড়করণের ক্ষেত্রে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-২৪, পুরানা পল্টন, ঢাকা এর ১৩/০১/২০২৫ তারিখের স্মারক নং-PSR/কঅ-২৪, ঢাকা/২০২৪-২০২৫/১৭৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে অত্র ব্যুরোকে জানানো হয়েছে যে, আয়কর আইন, ২০২৩ এর ২৬৪(১) ধারার প্রবিধান অনুসারে ২৬৪(৩) এর ক্রমিক নং ৩৩ এ বর্ণিত "এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও অথবা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার" অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড়করণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিও/ ক্ষুদ্র ঋণ সংস্থা কর্তৃক দাখিলকৃত রিটার্নের প্রমাণ (Proof of Submission of Return) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে উক্ত আয়কর আইনের ধারা মোতাবেক সংশ্লিষ্ট এনজিও/ ক্ষুদ্র ঋণ সংস্থা-এর অনুকূলে বিদেশি অনুদানের অর্থ এনজিও বিষয়ক ব্যুরো থেকে ছাড়করণের সময়ে সংস্থা কর্তৃক দাখিলকৃত রিটার্নের প্রমাণ (PSR) গ্রহণের জন্য এবং প্রতিমাসের ২ তারিখের মধ্যে কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-২৪, ঢাকা বরাবর নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে।

| ক্রমিক নং | যে সকল ক্ষুদ্র ঋণ সংস্থা/ এনজিও এর অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড় করা হয়েছে তাদের নাম ও টিআইএন | PSR গ্রহণ করা হয়েছে কি না | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

০২। এমতাবস্থায়, এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত ও কর্মরত সকল দেশি/ বিদেশি এনজিওসমূহকে উপরিবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: কর অঞ্চল-২৪ হতে প্রাপ্ত পত্রের অনুলিপি (০২ পাতা)

১৯.০১.২৫

(শরিফ আহম্মেদ)
সহকারী পরিচালক-২
(সিনিয়র সহকারী সচিব)
ad2@ngoab.gov.bd

কান্ট্রি ডিরেক্টর / নির্বাহী পরিচালক / নির্বাহী প্রধান
সকল দেশি/বিদেশি এনজিও

নথি নং- ০৩.০৭.২৬৬৬.৬৬১. ৬১.০৮২.২৫(৩) তারিখঃ ১৯ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য
০১। কর কমিশনার, কর অঞ্চল-২৪, এফএ টাওয়ার (৬ষ্ঠ তলা, লিফটের ৫), ১ পুরানা পল্টন, ঢাকা-১০০০
[দৃ:আ: উপকর কমিশনার, কর অঞ্চল-২৪, সদর দপ্তর,ঢাকা]
০২। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা (পত্রটি সংযুক্তিসহ ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। অফিস কপি।

(শরিফ আহম্মেদ)
সহকারী পরিচালক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-২৪, ঢাকা
এফএ টাওয়ার (৬ষ্ঠ তলা, লিফটের ৫), ১ পুরানা পল্টন, ঢাকা ১০০০

নথি নং-PSR/কঅ-২৪, ঢাকা/২০২৪-২০২৫/ ৯৭৩ তারিখ: ১৩/০১/২০২৫ খ্রি.

মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭

বিষয়: আয়কর আইন, ২০২৩ এর ২৬৪(১) ধারার প্রবিধান অনুসারে ২৬৪(৩) এর ক্রমিক নং ৩৩ এ বর্ণিত " এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও অথবা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার" অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড়করণের ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return /PSR) গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

আয়কর আইন, ২০২৩ এর ২৬৪(১) ধারার প্রবিধান অনুসারে ২৬৪(৩) ধারার ক্রমিক নং ৩৩ এ বর্ণিত "এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও অথবা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হতে লাইসেন্সপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার" অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড়করণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্ষুদ্র ঋণ সংস্থা/এনজিও কর্তৃক দাখিলকৃত রিটার্নের প্রমাণ (Proof of Submission of Return /PSR) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

এক্ষণে, বর্ণনা মোতাবেক সংশ্লিষ্ট ক্ষুদ্র ঋণ সংস্থা/এনজিও এর অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড়করণের সময়ে তাদের কর্তৃক দাখিলকৃত রিটার্নের প্রমাণ (PSR) গ্রহণের জন্য এবং প্রতি মাসের ২ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে নিম্নবর্ণিত ছকে নিম্নবর্ণিত তথ্য প্রদানের জন্য আপনার নিকট বিনীত অনুরোধ করা যাচ্ছে:

| ক্রমিক নং | যে সকল ক্ষুদ্র ঋণ সংস্থা/ এনজিও এর অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড় করা হয়েছে তাদের নাম ও টিআইএন | PSR গ্রহণ করা হয়েছে কি না | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |

জাতীয় রাজস্ব আদায়ে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

১৩/০১/২০২৫

(এস. এম. নজরুল ইসলাম)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রায়োগিক)
কর অঞ্চল-২৪, ঢাকা
ফোন: ০২-২২৬৬৪০১৭৬

কর কমিশনারের কার্যালয় কর অঞ্চল-২৪, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[আয়কর জরীপ ও পরিদর্শন]
রাজস্ব ভবন, প্লট এফ ১/এ, আগারগাঁও,
শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নথি নং: ০৮.০১.০০০০.০৩৭.০৬.১৩৬.২৫ / ৯০

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: রিটার্ন দাখিলের প্রমান (**Proof of Submission of Return-PSR**) দাখিলের বাধ্যবাধকতা পরিপালন সংক্রান্ত তথ্য প্রেরণ।

সূত্র: ১। আয়কর জরীপ ও পরিদর্শন, জাতীয় রাজস্ব বোর্ড এর ০৯/১০/২০২৪ তারিখের ০৮.০১.০০০০.০৩৭.০৬.১৩৫.২৪/২৭৪ নং স্মারক;
২। আয়কর জরীপ ও পরিদর্শন, জাতীয় রাজস্ব বোর্ড এর ২০/১০/২০২৪ তারিখের ০৮.০১.০০০০.০৩৭.০৬.১৩৫.২৪/৩০২ নং স্মারক;
৩। আয়কর জরীপ ও পরিদর্শন, জাতীয় রাজস্ব বোর্ড এর ২৯/১০/২০২৪ তারিখের ০৮.০১.০০০০.০৩৭.০৬.১৩৫.২৪/৩১১ নং স্মারক;

উপর্যুক্ত সূত্রত্রয়ের পত্রে বর্ণিত কার্যবিবরণীর সিদ্ধান্ত ও পত্রের বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

২। আপনি অবশ্যই অবগত আছেন আয়কর আইন ২০২৩ এর ২৬৪ ধারা অনুযায়ী ৪৫টি ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমান (Proof of Submission of Return-PSR) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। PSR এর আইনগত বাধ্যবাধকতা (Regutatory Compliance) নিশ্চিতকরণ ও যথাযথ পরিপালনের মাধ্যমে কর জাল সম্প্রসারণ জাতীয় রাজস্ব বোর্ডের সর্বোচ্চ অগ্রাধিকার। PSR বাস্তবায়নকারী কার্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক নির্ধারিত সেবা প্রদানকালে PSR যথাযথভাবে যাচাই করা হচ্ছে কি-না তা সরেজমিনে পরিবীক্ষণের জন্য আপনার কর অঞ্চলকে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রদত্ত নির্দেশনার আলোকে আপনার কর অঞ্চলের জন্য নির্ধারিত পরিবীক্ষণ কার্যক্রমের বিষয়ভিত্তিক তথ্য নিম্নোক্ত ছকে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।

| নং | ধারা/বিষয় | গৃহীতব্য কার্যক্রম | পরিপালন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ধারা ২৬৪(৩)(৩৩) : এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত এনজিও বা মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি হইতে লাইসেন্স প্রাপ্ত ক্ষুদ্র ঋণ সংস্থার অনুকূলে বিদেশি অনুদানের অর্থ ছাড় করিতে; | কর অঞ্চল ২৪ ঢাকা কর্তৃক এনজিও বিষয়ক ব্যুরো এবং মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথরিটির নিকট PSR যাচাই সংক্রান্ত পত্র প্রেরণ এবং PSR যাচাই কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ | বিদেশি অনুদানের অর্থছাড়ের আবেদন সংখ্যা :<br>যাচাইকৃত PSR এর সংখ্যা : | |

৩। উপর্যুক্ত ছক অনুযায়ী পরিবীক্ষণ কার্যক্রম সংক্রান্ত তথ্য প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।

৪। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।

M.M. Arif Hossain
09.01.2025

(মীর মোঃ আরিফ হোসেন)
দ্বিতীয় সচিব (কর-১৫)
জাতীয় রাজস্ব বোর্ড

প্রাপক:
১। কর কমিশনার
কর অঞ্চল ২৪ ঢাকা

নথি নং: ০৮.০১.০০০০.০৩৭.০৬.১৩৬.২৫ /

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) / (কর নীতি)/ (আপীল ও অব্যাহতি) / (অডিট, ইন্টিলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন) / (আয়কর জরীপ ও পরিদর্শন/ (তথ্য ব্যবস্থাপনা ও সেবা) / (লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট) / (ইন্টারন্যাশনাল ট্যাক্সেস) / (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। প্রথম সচিব, কর জরীপ ও পরিদর্শন, জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা।

৪। কার্যালয়ের কপি।

(মীর মোঃ আরিফ হোসেন)
দ্বিতীয় সচিব (কর-১৫)
জাতীয় রাজস্ব বোর্ড